5. নীচে বর্ণিত কোনটি দ্বারা গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলকে ব্যাখ্যা করা যায়?

a) গরম ও আর্দ্র b) স্বাভাবিক তাপ ও খুব বৃষ্টিপাত
c) ঠাণ্ডা ও আর্দ্র d) গরম ও শুষ্ক।

6. নীচের কোনটির শরীরের মধ্যে আধিক্য হলে পেশিতে টান ধরে?

a) অ্যালকোহল b) ল্যাকটিক অ্যাসিড c) ম্যালিক অ্যাসিড
d) অ্যাসিটিক অ্যাসিড।

7. জীব পরিবেশে মানিয়ে চলতে দেহের কিছু বৈশিষ্ট্য পরিবর্তন করে; সেটিকে বলে

a) বিবর্তন b) গঠন c) অভিযোজন d) প্রজনন।

8. নীচের কোনটি সঠিক খাদ্য-শৃঙ্খল?

a) ব্যাকটিরিয়া → ঘাস → খরগোস → হরিণ
b) ঘাস → পতঙ্গ → পাখি → সাপ
c) ঘাস → সাপ → পতঙ্গ → হরিণ
d) ঘাস → নেকড়ে → হরিণ → মহিষ।

9. পৃথিবীতে কিছু প্রাণী ধ্বংসের মুখে; নীচে সেই রকম একটি প্রাণী হল

a) বানর b) গিনিপিগ c) শকুন d) মহিষ।

10. বায়োডাইভারসিটির হটস্পটের ইন্দো-বার্মা অঞ্চলের অন্তর্গত অংশগুলি হ'ল

a) শ্রীলঙ্কা, পশ্চিমঘাট b) সিকিম, দার্জিলিং c) আন্দামান, নিকোবর
d) মেঘালয়, অরুণাচল।

11.

| স্তম্ভ A | স্তম্ভ B |
|---|---|
| 1) গাড়ী চালানো | i) কার্টিলেজ ছিঁড়ে যায় ও হাড় ভেঙে যায়। |
| 2) ফুটবল খেলা | ii) ফুসফুসে সংক্রমণ ঘটে। |
| 3) হাতুড়ি দিয়ে কাজ করা | iii) পিঠে ও ঘাড়ে ব্যথা, চোখের সমস্যা। |
| 4) খনিতে কাজ করা | iv) হাতের সমস্যা ঘটে। |

উপরের স্তম্ভ দুটির মধ্যে সাদৃশ্য হল

a) 1 – (i), 2 – (ii), 3 – (iii), 4 – (iv)
b) 1 – (ii), 2 – (iii), 3 – (i), 4 – (iv)
c) 1 – (iii), 2 – (i), 3 – (iv), 4 – (ii)
d) 1 – (iv), 2 – (ii), 3 – (iii), 4 – (i)



12. মানুষের অন্ত্রে বসবাসকারী ব্যাকটিরিয়া যে ভিটামিন তৈরি করে সেটি হ'ল

a) ভিটামিন-A b) ভিটামিন-C c) ভিটামিন-$B_{12}$ d) ভিটামিন-K

13. মটর ও ছোলার মূলে যে ক্ষুদ্র জৈববস্তু বাস করে নাইট্রোজেনকে নাইট্রেটে পরিণত করে তা হল

a) ব্যাকটিরিয়া b) আদ্যপ্রাণী c) ভাইরাস d) ডায়াটম।

14. ডেঙ্গু রোগ ছড়ায় যে পতঙ্গ তা হল

a) কিউলেক্স মশা b) এডিস মশা c) মাছি d) মাকড়সা।

15. ওজোন গর্ত প্রথম লক্ষ্য করা গেছে যার উপর দিয়ে তা হল

a) অ্যান্টার্কটিকা b) অস্ট্রেলিয়া c) আর্কটিকা d) আমেরিকা।

16. পৃথিবী পৃষ্ঠে সবচেয়ে অধিক জল কোথায় দেখা যায়?

a) হ্রদে b) নদীতে c) মাটির তলায় d) মহাসাগর ও সাগরে।

17. সমস্ত জৈব বস্তুর ধ্বংস ও পচন ঘটে, মাটিতে মিশে তৈরি হয়

a) হিউমাস b) বিয়োজক c) মিশ্র সার d) সার।

18. শুক্র ও মঙ্গল গ্রহে প্রাণের অস্তিত্ব নেই; কারণ

a) সেখানে বায়ুমণ্ডল নেই।
b) সেখানে বায়ুমণ্ডলে 95%–97% ভাগ অক্সিজেন আছে।
c) সেখানে বায়ুমণ্ডলে কেবল অক্সিজেন আছে।
d) সেখানে বায়ুমণ্ডলে 95%–97% ভাগই কার্বন ডাই অক্সাইড।

19. চর্বিতে দ্রবণীয় যে ভিটামিনগুলি তারা হল

a) A, D, E, K b) A, B, C, K c) A, D, E, B
d) B, E, K, C

20. দীর্ঘদিন প্রোটিনের অভাব ঘটলে শিশুদের যে রোগ হয় তা হল

a) গয়টার b) বেরি-বেরি c) ম্যারাসমাস d) অন্ধত্ব।

21. ঘাস ও ধান গাছের মূলটি হ'ল

a) ঠেসমূল b) গুচ্ছমূল c) প্রধান মূল d) অস্থানিক মূল।




পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

22. ডিপথেরিয়া রোগের প্রধান লক্ষণই হল

a) দেহের বৃদ্ধির রোধ হওয়া b) দেহের ওজন কমে যাওয়া c) ক্ষুধামান্দ্য d) খাদ্য গিলতে না পারা।

23.  ← এটি ফুলের কোন্ অংশ চিহ্নিত করে?

a) পুংকেশর b) গর্ভপত্র c) গর্ভদণ্ড d) গর্ভমুণ্ড।

24. 'সেপটিক ট্যাঙ্ক' যে বিষাক্ত গ্যাস পাওয়া যায় সেটি হল

a) অ্যামোনিয়া b) কার্বন ডাই-অক্সাইড c) নাইট্রোজেন d) হাইড্রোজেন সালফাইড।

25. 'কচ্ছ অঞ্চলে নাইলা ভীড় করে' — এটি কিসের উদাহরণ?

a) অভিযোজন b) পোষণ c) যাপন d) পরিবহন।

26. খাদ্য মধুর উপাদান হল

a) সেলুলোজ b) প্রোটিন c) ভিটামিন d) চর্বি।

27. 'বেনে-বউ' এক প্রকার

a) সাপ b) স্তন্যপায়ী প্রাণী c) মাছ d) পাখি।

28. একটানা জ্বর, কাশি ও থুতুর সাথে রক্তপড়া — এইসব লক্ষণ যে রোগে দেখা যায় তা হল

a) ব্রঙ্কাইটিস b) ইনফ্লুয়েঞ্জা c) নিউমোনিয়া d) যক্ষ্মা।

29.  এই ছবিটিতে কাণ্ডটি যেটিতে রূপান্তরিত হয়েছে সেটি হল

a) পাতা b) কাঁটা c) শাখা d) শিরা।

30.  ছবিতে আঁকা পাতাটি কি পাতা চিহ্নিত কর।

a) ঘটপর্ণী b) ক্যাকটাস c) জবা d) পাথরকুচি।



নিচের অনুচ্ছেদটি পড়ে 31 নং থেকে 33 নং প্রশ্নের উত্তর দাও :

হাতে স্পিরিট বা ইথার ঢাললে ঠাণ্ডা অনুভূত হয়। কারণ স্পিরিট বা ইথার উদ্বায়ী পদার্থ। বাষ্পীভবনের জন্য লীনতাপ প্রয়োজন। আবার, মাটির কলসির জল ঠাণ্ডা থাকে। কারণ, মাটির কলসির গায়ে অসংখ্য ছিদ্র থাকে এবং সামান্য পরিমাণ জল ওই ছিদ্রগুলির মধ্য দিয়ে বাইরে বেরিয়ে আসে। তারা বাষ্পীভূত হওয়ার ফলে কলসি ও কলসির জল ঠাণ্ডা থাকে।

31. উপরের অনুচ্ছেদটি তোমার ভৌত পরিবেশ বিজ্ঞান-এর যে অংশে পড়ে তা হলো

a) আলো b) তাপ ও তাপমাত্রা c) ভর ও ভার d) তড়িৎ।

32. হাতে স্পিরিট বা ইথার ঢাললে ঠাণ্ডা অনুভূত হয় কারণ

a) স্পিরিট বা ইথার খুব ঠাণ্ডা b) স্পিরিট বা ইথার উদ্বায়ী c) হাত খুব গরম থাকে d) স্পিরিট বা ইথার হাত থেকে তাপ নিয়ে বাষ্পীভূত হয়।

33. মাটির কলসির জল ঠাণ্ডা থাকে, কারণ

a) ছিদ্র দিয়ে বাইরে আসা জল কলসি থেকে তাপ নিয়ে বাষ্পীভূত হয়।
b) মাটি তাপের কুপরিবাহি c) কলসির গঠন d) মাটি নিজেই ঠাণ্ডা।

নিচের অংশটি পড়ে 34 থেকে 36 নং প্রশ্নের উত্তর দাও :

আয়নার সামনে দাঁড়িয়ে তুমি চুল আঁচড়াচ্ছো; দেখে মনে হয় বাঁ হাতে। হঠাৎ জানালা দিয়ে বৃষ্টির জল আয়নার ওপর পড়ায় তোমার মুখ আবছা হয়ে গেল।

34. আয়নার সামনে দাঁড়িয়ে তুমি তোমাকে ঠিক তোমার মতো না দেখার কারণ

a) বস্তু দূরত্ব = প্রতিবিম্ব দূরত্ব।
b) আলো আয়নায় পড়ার পর পথ পরিবর্তন করে।
c) আয়নায় গঠিত প্রতিবিম্বের পার্শ্বীয় পরিবর্তন ঘটে।
d) নির্দিষ্ট কোনও কারণ নেই।

35. আয়নায় গঠিত তোমার প্রতিবিম্বের প্রকৃতি

a) সদ্‌বিম্ব b) অসদ্‌বিম্ব c) সমশীর্ষ, সদ্‌বিম্ব d) অবশীর্ষ, সদ্‌বিম্ব।

36. হঠাৎ বৃষ্টির জল আয়নায় পড়ায় তোমার ছবি আবছা হয়ে যাওয়ার কারণ।

a) আলোর প্রতিসরণ ঘটলো b) আলোর অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন ঘটলো
c) প্রতিবিম্বটি মুছে গেল d) আলোর প্রতিফলন ঠিক পথে হলো না।



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

37. একটি মসৃণ টেবিলের ওপর এক গ্লাস জলের নিচে এক টুকরো কাগজ রাখা আছে। হঠাৎ ওই কাগজটি টেনে বের করে নিলে গ্লাসের জল একটুও বাইরে না পড়ার কারণ

a) কাগজ এবং কাচের মধ্যে কোনও ঘর্ষণ বল কার্যকর নয়
b) নিউটনের তৃতীয় গতিসূত্র c) ওজন d) জাড্য।

জন্মদিনে ছোটকাকুর দেওয়া সেরা উপহার 'একটি দণ্ড চুম্বক' পেয়ে দীপ খুব আনন্দিত। সঙ্গে কয়েকটি আলপিনও আছে। এগুলো দিয়ে সে যা' যা' পরীক্ষা করতে পারবে তার সাহায্যে 38 থেকে 40 নং প্রশ্নের উত্তর দাও।

38. চুম্বকটির সাহায্যে দীপ নিচের কাজগুলির মধ্যে যেটি করতে পারলো না, সেটি হলো

a) দিক নির্ণয় b) চোখে পড়ার কাঠের টুকরো বের করা c) চোখে পড়া লোহার টুকরো বের করা d) চুম্বকের গায়ে দুই বা ততোধিক আলপিন ঝোলানো।

39. চুম্বকটি সত্যিই চুম্বক কিনা জানতে যে পরীক্ষাটি করা হবে তা হলো

a) আকর্ষণ ও বিকর্ষণ উভয় ধর্মের যাচাই b) আকর্ষণ ধর্মের যাচাই
c) চৌম্বক আবেশ ধর্মের যাচাই d) বিকর্ষণ ধর্মের যাচাই।

40. চুম্বকটি হাত থেকে পড়ে গেলে নিচের যে ঘটনাটি ঘটবে না সেটি নির্দেশ করো।

a) চুম্বকটি টুকরো হয়ে যাবে b) চুম্বকটির চুম্বকত্ব নষ্ট হয়ে যাবে
c) চুম্বকটির কিছু পরিবর্তন হবে না d) চুম্বকটি একক মেরুতে পরিণত হবে।

41. আগামীদিনে পরিবেশবান্ধব অপ্রচলিত শক্তির প্রধান উৎস হবে

a) বায়ু b) জৈব পদার্থ c) সূর্য d) সমুদ্র।

42. 'কুরি-বিন্দু' হলো

a) তেজস্ক্রিয়তার পরিমাণ b) যে উষ্ণতায় একটি চুম্বক তার চুম্বকত্ব হারায়
c) চুম্বকত্বের পরিমাণ d) যে উষ্ণতায় তেজস্ক্রিয় পদার্থ তেজস্ক্রিয়তা হারায়।

43. কৃতকার্য (W), প্রযুক্ত বল (F) এবং সরণ (S)-এর মধ্যে সম্পর্কটি হলো

a) $\frac{W}{F} = S$ b) $W \times F = S$ c) $\frac{S}{W} = F^2$ d) $\frac{F}{S} = W$



44. এক জুল-এর পরিমাণ হলো

a) 100 ডাইন × 10 সেমি b) $10^5$ ডাইন × 100 সেমি
c) 1 নিউটন × 1 সেমি d) 1 নিউটন × 10 মিটার।

45. নিচের যে যন্ত্রটিতে তড়িৎচুম্বক ব্যবহার করা হয় না সেটি চিহ্নিত করো।

a) বৈদ্যুতিক মোটর b) টেলিফোন c) টর্চ d) লাউড স্পিকার।

46. একটি চুম্বক শলাকার উপর দিয়ে সমান্তরালভাবে স্থাপিত একটি বৈদ্যুতিক তারের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হলে যা ঘটবে, তা হলো

a) চুম্বক শলাকাটি স্থির থাকবে। b) চুম্বক শলাকাটি চক্রাকারে ঘুরবে।
c) চুম্বক শলাকাটি তারের দিকে সরে যাবে।
d) চুম্বক শলাকাটি বামে বা ডানে বিক্ষিপ্ত হবে।

47. 'ফিলামেন্ট' হলো

a) একটি তার b) একটি বৈদ্যুতিক বাল্বের মধ্যে থাকা তার c) একটি বৈদ্যুতিক বাল্বের মধ্যে থাকা তার যেটি জ্বলে d) একটি বৈদ্যুতিক বাল্বের মধ্যে থাকা তার যেটি তড়িৎ প্রবাহিত হলে জ্বলে ওঠে।

48. নিচের 'A' এবং 'B' স্তম্ভের মধ্যে সাযুজ্য নির্ধারণ করে ঠিক বিকল্পটি নির্বাচন করো।

| A | B |
|---|---|
| i) কাপড় কাচা সোডা | M) $Ca(OH)_2$ |
| ii) মিউরিয়েটিক অ্যাসিড | N) $Na_2SO_4$ |
| iii) পাথুরে চুন | O) $H_2SO_4$ |
| iv) কলিচুন | P) $Na_2CO_3$, $H_2O$ |
| | Q) CaO |
| | R) HCl |

a) i) → P); ii) → R); iii) → Q); iv) → M)
b) i) → P); ii) → R); iii) → M); iv) → Q)
c) i) → R); ii) → P); iii) → Q); iv) → M)
d) i) → M); ii) → N); iii) → O); iv) → P).



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

49. প্রমাণ চাপে বিশুদ্ধ জলের কেলভিন স্কেলে স্ফুটনাঙ্ক হলো

a) 100 K b) 373 K c) 273 K d) 212 K.

50. অ্যালুমিনিয়াম সালফেট যৌগটির অণুতে মোট পরমাণুর সংখ্যা

a) 12 b) 14 c) 15 d) 17.

51. সোডিয়ামের পারমাণবিক সংখ্যা 11 এবং ভরসংখ্যা 23। অতএব, সোডিয়ামের একটি পরমাণুতে উপস্থিত ইলেকট্রনের সংখ্যা

a) 11 b) 23 c) 10 d) 12.

52. নিচে যেটি রাসায়নিক পরিবর্তন নির্দেশ করে সেটি হলো

a) জলে চিনি দ্রবীভূত হওয়া b) লোহার চুম্বকীকরণ c) সিমেন্ট জমে যাওয়া d) লোহায় প্রলেপ দেওয়া।

53. মানব দেহে কোথাও কেটে গেলে যে ধরনের ঔষধ সঙ্গে সঙ্গে ব্যবহার করা উচিত তা হলো

a) অ্যান্টাসিড b) পেনকিলার c) অ্যান্টিসেপটিক d) অ্যান্টিবায়োটিক।

54. চিনিগাছের জলীয় দ্রবণের pH-এর মান হবে

a) 7 b) 7-এর বেশি c) 7-এর কম d) 7-এর বেশি কিন্তু 8-এর কম।

55. খাদ্য লবণের মধ্যে আয়োডিন যোগান দিতে যে যৌগটি ব্যবহৃত হয় সেটি হলো

a) HI b) KI c) $KIO_3$ d) $I_2O$.

56. $CaCl_2+Na_2SO_4=2NaCl+CaSO_4$-এই বিক্রিয়াটির নাম

a) প্রতিস্থাপন b) বিনিময় c) জারণ-বিজারণ d) অ্যাসিড-ক্ষারক।

57 থেকে 59 নং প্রশ্নের ক্ষেত্রে প্রথম জোড়া শব্দ অনুসরণ করে দ্বিতীয় জোড়াটি সম্পূর্ণ করার জন্য ঠিক বিকল্পটি নির্বাচন করো

57. ফসফরাস : P :: টিন : ——

a) Tn b) Np c) Sn d) St.

58. অক্সিজেন : 16 :: পটাশিয়াম : ——

a) 19 b) 20 c) 39 d) 23.

59. পাতিলেবু : সাইট্রিক অ্যাসিড :: আপেল : ——

a) অক্সালিক অ্যাসিড b) ল্যাকটিক অ্যাসিড c) অ্যাসেটিক অ্যাসিড d) ম্যালিক অ্যাসিড।

60. নিচের যে পদার্থটি চর্বি বা তেলের সাথে মিশিয়ে সাবান তৈরি করা হয় তা চিহ্নিত করো।

a) NaCl b) NaOH c) $Ca(OH)_2$ d) $Al(OH)_3$.

61. রান্নায় যে নুন ব্যবহার করা হয় তা' এক প্রকার

a) অ্যাসিড b) ক্ষার c) লবণ d) ক্ষারক।

62. পলিথিন পলিমারটি যে যৌগ থেকে তৈরি হয় তা হলো

a) ইথেন b) অ্যাসিটিলিন c) ইথিলিন d) মিথেন।

63. নিচে যে পদার্থটি জৈব অভঙ্গুর সেটি নির্দেশ করো।

a) সাবান b) ডিডিটি c) সিমেন্ট d) আনাজের খোসা।

64. সব অ্যাসিডের মধ্যে যে মৌলটির উপস্থিতি আবশ্যিক, সেটি হলো

a) হাইড্রোজেন b) অক্সিজেন c) ক্লোরিন d) সালফার।

65. প্রাণীদেহের হাড়ে যে মৌলটি প্রধানত উপস্থিত থাকে তা হলো

a) Na b) Al c) Fe d) Ca.

66. হলুদ গোলা জলে কয়েক ফোঁটা সাবান-জল ফেললে যে রঙ হবে সেটি হলো

a) নীল b) লাল c) হলুদ d) সবুজ।

67. তড়িৎচুম্বকের ওপর জড়ানো অন্তরিত তারের পাকসংখ্যা বাড়ালে তার চুম্বকত্ব

a) বাড়বে b) কমবে c) অপরিবর্তিত থাকবে d) কোনও নির্দিষ্ট নিয়ম নেই।

68. সূর্যের আলোর উপস্থিতিতে গাছের খাদ্য প্রস্তুতের পদ্ধতির নাম

a) শ্বসন b) সালোকসংশ্লেষ c) প্রস্বেদন d) অভিস্রবণ।

69. একই পরিমাণ দুধ ও জল হুবহু একই রকম পাত্রে রেখে একই পরিমাণ তাপ দিলে যে বৈশিষ্ট্যের জন্য দুধের উষ্ণতা বৃদ্ধি বেশি হবে তা হলো

a) মোট তাপ b) আপেক্ষিক গুরুত্ব c) আপেক্ষিক তাপ d) আয়তন।





পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

70. কোনো বস্তুর উপর বল প্রয়োগ করে তাকে পরিবর্তিত করা হলেও তার যে বৈশিষ্ট্যটি অপরিবর্তিত থাকে তার নাম

a) ভর  b) ওজন  c) কোণ  d) দূরত্ব।

71. দুটি ত্রিভুজের সর্বসমতার ক্ষেত্রে নীচের কোন শর্তটি প্রযোজ্য নয়?

a) বাহু – বাহু – বাহু  b) কোণ – কোণ – কোণ
c) কোণ – বাহু – কোণ  d) বাহু – কোণ – বাহু।

72. দুটি ধনাত্মক সংখ্যার একটি অপরটির তিনগুণ। সংখ্যা দুটির গুণফল $24\frac{1}{12}$ হলে এদের মধ্যে বড় সংখ্যাটি হল

a) $8\frac{1}{2}$  b) $2\frac{5}{6}$  c) $6\frac{1}{2}$  d) $2\frac{1}{6}$.

73. $\frac{(125)^3 \times 125 \times 625}{(25)^5 \times 5^5}$ এর সরল মান হল

a) 625  b) 3125  c) 25  d) 5

74. $1^2+2^2+3^2=\frac{3(3+1)(6+1)}{6}$; $1^2+2^2+3^2+4^2=\frac{4(4+1)(8+1)}{6}$ হলে $1^2+2^2+3^2+4^2+\ldots+10^2$ এর মান হবে

a) 720  b) 175  c) 275  d) 385.

75. দুটি ট্রেনের দৈর্ঘ্য যথাক্রমে 250 মিটার এবং 350 মিটার। যদি এদের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় 50 কিমি এবং ঘণ্টায় 80 কিমি হয় এবং এরা পাশাপাশি একই দিকে চলে তবে একটির অপরটিকে অতিক্রম করতে সময় লাগবে

a) 72 সেকেন্ড  b) 80 সেকেন্ড  c) 65 সেকেন্ড  d) 45 সেকেন্ড।

নীচের স্তম্ভ দুটির মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করে 76 নং থেকে 80 নং প্রশ্নের উত্তর দাও।

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| ক) $x^2-y^2+4(x-y)$ এর একটি উৎপাদক | ১। 3 |
| খ) একটি বর্গক্ষেত্রের পূর্ণ প্রতিসমতার কোণের মান | ২। অসংখ্য |
| গ) একটি ত্রিভুজের মধ্যমার সংখ্যা | ৩। $(x+3y-2)$ |
| ঘ) একটি বৃত্তের প্রতিসম রেখার সংখ্যা | ৪। $90^0$ |
| ঙ) $x^2+9y^2+6xy-4$ এর একটি উৎপাদক | ৫। $x+y+4$ |
| | ৬। $180^0$ |
| | ৭। 1 |

76. a) ক – ৫  b) ক – ১  c) ক – ২  d) ক – ৬

77. a) খ – ১  b) খ – ৪  c) খ – ৫  d) খ – ৬

78. a) গ – ২  b) গ – ৩  c) গ – ১  d) গ – ৭

79. a) ঘ – ১  b) ঘ – ৪  c) ঘ – ৫  d) ঘ – ২

80. a) ঙ – ৩  b) ঙ – ১  c) ঙ – ৭  d) ঙ – ৬

নীচের অনুচ্ছেদটি পড়ে 81 নং থেকে 85 নং প্রশ্নের উত্তর দাও।

অতনুবাবু অফিস থেকে 10000 টাকা বোনাস পেয়েছেন। তিনি ঐ টাকার $\frac{1}{4}$ অংশ পাড়ার ক্লাবে দান করেন। অবশিষ্ট টাকার $\frac{1}{3}$ অংশ বাগানের জন্য খরচ করলেন। এরপর যে টাকা অবশিষ্ট থাকল তার অর্ধেক সঞ্চয় করলেন। এরপর অবশিষ্ট টাকা তাঁর স্ত্রী ও মেয়েকে সমানভাবে ভাগ করে দিলেন।

81. অতনুবাবু ক্লাবকে দান করলেন

a) 8000 টাকা  b) 4000 টাকা  c) 2000 টাকা  d) 2500 টাকা।

82. বাগানের জন্য টাকা খরচ করার পর তাঁর কাছে ছিল

a) 5000 টাকা  b) 4000 টাকা  c) 6000 টাকা  d) 7000 টাকা।

83. তিনি যে টাকা সঞ্চয় করেন তার পরিমাণ হল

a) 2000 টাকা  b) 2500 টাকা  c) 3000 টাকা  d) 1500 টাকা।

84. তাঁর মেয়েকে দিলেন

a) 1200 টাকা  b) 1500 টাকা  c) 1250 টাকা  d) 1000 টাকা।





পরের পৃষ্ঠা

**All India Science Teachers' Association, West Bengal.**
**SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST-2018.**

Time : 2 hr. 30 min. Full Marks : 100

## সপ্তম শ্রেণি

**নির্দেশাবলী :** 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের উপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○ ○ ⊗ ○; এখানে সঠিক উত্তর c)। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোন প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।"

1. যে পদ্ধতিতে জৈব বস্তু জীবদেহে খাদ্যরূপে গৃহীত হয় ও জীবের ব্যবহারিক শক্তিতে পরিণত হয়, সেই পদ্ধতিটির নাম হ'ল

   a) পরিপাক  b) শোষণ  c) পুষ্টি  d) রেচন।

2. 'উদ্ভিদের একটি অংশ বায়ু থেকে $CO_2$ গ্রহণ করে সালোকসংশ্লেষের প্রয়োজনে'— সেই অংশটি হল

   a) পত্ররন্ধ্র  b) মূলরোম  c) পাতার শিরা  d) বৃতি।

3. নীচের শব্দগুলি থেকে চিহ্নিত কর — "সবুজ উদ্ভিদ হ'ল"

   a) তৃণভোজী  b) স্ব-ভোজী  c) পরভোজী  d) সর্বভুক।

4. সরকারের যে বিভাগ আবহাওয়ার খবর তৈরি করে সেটি হল

   a) অনুমান করার বিভাগ  b) বায়ুমণ্ডল বিভাগ  c) জলবায়ুর বিভাগ d) আবহাওয়া বিভাগ।



Scanned with CamScanner

85. ওঁর স্ত্রী সোনমের মোট টাকার যত অংশ পান তা হল

a) $\frac{1}{4}$ অংশ   d) $\frac{1}{8}$ অংশ   c) $\frac{1}{10}$ অংশ   d) $\frac{3}{4}$ অংশ

$x=4$, $y=5$ এবং $z=7$ হলে 86 নং প্রশ্ন থেকে 90 নং প্রশ্নের রাশিমালার মান নির্ণয় কর।

86. $(x^2+2y-z)$-এর মান হল

a) 18   b) 21   c) 20   d) 19

87. $\left(\frac{x}{y}+3z\right)$-এর মান হল

a) 21.8   b) 10.8   c) 21.6   d) 20.8

88. $\left(\frac{4z+6y}{x}\right)$-এর মান হল

a) 9.0   b) 9.4   c) 14.5   d) 8.5


89. $\left(\frac{z^2}{2y^2}+x^2\right)$-এর মান হল

a) 15.98   b) 17.98   c) 16.49   d) 16.98

90. $y(z-x)+x(y-z)+z(x-y)$-এর মান হল

a) xz   b) 0   c) yz   d) xy

(91–95)




প্রদত্ত চিত্রে

91. ∠EGB এবং ∠AGH পরস্পর

a) একান্তর কোণ   b) অনুরূপ কোণ   c) সন্নিহিত কোণ   d) বিপ্রতীপ কোণ।

92. ∠EGB এবং ∠BGH পরস্পর

a) একান্তর কোণ   b) অনুরূপ কোণ   c) সন্নিহিত কোণ   d) বিপ্রতীপ কোণ।



93. ∠EGA এবং ∠GHC পরস্পর

a) একান্তর কোণ   b) অনুরূপ কোণ   c) সন্নিহিত কোণ   d) বিপ্রতীপ কোণ।

94. ∠AGH এবং ∠GHD পরস্পর

a) একান্তর কোণ   b) অনুরূপ কোণ   c) সন্নিহিত কোণ   d) বিপ্রতীপ কোণ।

95. ∠BGH এবং ∠GHD পরস্পর

a) একান্তর কোণ   b) ছেদকের একই পাশে অবস্থিত অন্তঃকোণ

c) অনুরূপ কোণ   d) সন্নিহিত কোণ।

নীচের অংশটি পড়ে 96 নং প্রশ্ন থেকে 100 নং প্রশ্নের শূন্যস্থানগুলি পূরণ কর।

একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 100 মিটার ও 80 মিটার। এর ভিতরের চারপাশে 5 মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটি বাঁধানোর জন্য ইট দিতে হবে, রাস্তায় পাথর বসাতে হবে এবং মাঠের অবশিষ্ট অংশে ঘাস তৈরি করতে হবে।

96. রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল হবে ——— ব.মি.।

a) 6000   b) 6400   c) 6100   d) 6300

97. রাস্তার ক্ষেত্রফল হল ——— ব.মি.।

a) 1700   b) 1600   c) 1800   d) 2000

98. রাস্তা বাঁধানোর জন্য সবচেয়ে বড় মাপের বর্গাকার পাথরের টুকরোর দৈর্ঘ্য হবে———।

a) 2 মি.   b) 5 মি.   c) 10 মি.   d) 8 মি.।

99. রাস্তা বাঁধানোর জন্য পাথর লাগবে ——— টি।

a) 68 টি   b) 60 টি   c) 80 টি   d) 70 টি।

100. প্রতি বর্গমিটার 10 টাকা হিসাবে মাঠে ঘাস তৈরি করতে খরচ হবে ———টাকা।

a) 60000 টাকা   b) 63000 টাকা   c) 64000 টাকা

d) 61000 টাকা



Scanned with CamScanner